গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।
http://dss.moheshkhali.coxsbazar.gov.bd

স্মারক নং: ৪১.০১.২২৪৯.০০০.১৬.০২৬.২৪.

তারিখ: ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অন্যান্য ভাতাভোগীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এক শ্রেণীর প্রতারক নিজেকে উপজেলা সমাজসেবা অফিসার/সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারী ইত্যাদি হিসেবে পরিচয় দিয়ে আপনাদের মোবাইলে ফোন করে বিভিন্ন প্রলোভন দেখিয়ে আপনাদের হতে ওটিপি/নগদ হিসাবের পাসওয়ার্ড নিয়ে নিচ্ছে। আপনাদের হতে ওটিপি/পাসওয়ার্ড জানার মাধ্যমে প্রতারকরা আপনার ভাতা হাতিয়ে নিচ্ছে। এমনকি প্রতারক চক্র ওটিপি/পাসওয়ার্ড না দিলে ভাতা বাদ দেওয়ার হুমকি দিচ্ছে। কিন্তু এইগুলো প্রতারকদের প্রতারণার ফাঁদ মাত্র। সমাজসেবা অফিস থেকে ফোন করে ভাতাভোগীদের হতে কখনোই ওটিপি/পাসওয়ার্ড চাওয়া হয় না।

এমতাবস্থায়, প্রতারকদের কোনো ধরনের ফাঁদে না পড়ার বা কোনো তথ্য না দেওয়ার জন্য সকল ভাতাভোগীদের অনুরোধ করা হল।

**মীকি মারমা**
সহ-সভাপতি
উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। জেলা প্রশাসক, কক্সবাজার।

০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার।

০৫। চেয়ারম্যান(সকল),...................................... উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার।
[সতর্কীকরণ বিজ্ঞপ্তি টি আপনার ইউনিয়নে ব্যাপক ভাবে প্রচার ও মাইকিং করে ভাতাভোগীদের সচেতন করার জন্য বলা হলো।]

০৬। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার।

০৭। অফিসকপি।